গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্য বিবরণী নম্বর: ২২

## কেওয়াটখালি ব্রিজ সেপ্টেম্বরে, রহমতপুর ব্রিজ অক্টোবরে কাজ শুরু হবে
## ৬ লাখ ৪ হাজার হেক্টর জমিতে আমন চাষের লক্ষ্যমাত্রা

ময়মনসিংহ, ২২ আগস্ট, ২০২৩

কেওয়াটখালি ব্রিজ সেপ্টেম্বরে, রহমতপুর ব্রিজের কাজ অক্টোবরে শুরু হবে। তৃতীয় ব্রিজের সাইট নির্ধারণ দ্রুতই সম্পন্ন করা হবে। এছাড়া এ বছর ময়মনসিংহ বিভাগে আমন দানের লক্ষমাত্রা ৬ লাখ ৪ হাজার হেক্টর নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ইতোমধ্যে ৫ লাখ ২০ হাজার হেক্টর জমিতে আমন রোপা সম্পন্ন হয়েছে, অবশিষ্ট রোপণ দ্রুতই সম্পন্ন হবে।

মঙ্গলবার বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় এ তথ্য জানান হয়। বিভাগীয় সমন্বয় সভায় সভাপতিত্ব করেন কমিশনার উম্মে সালমা তানজিয়া। অন্যান্যের মধ্যে রেঞ্জ ডিআইজি ( অতিরিক্ত আইজিপি) দেবদাস ভট্টাচার্য, অধিনস্ত জেলার জেলা প্রশাসকগণ, সড়ক বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মোঃ শওকত আলী, গণপূর্ত বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলী ড. মোঃ মঈনুল ইসলাম, স্থানীয় সরকার বিভাগের পরিচালক ফরিদ আহম্মদ, ময়মনসিংহ বিভাগীয় শহর স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচারক মোঃ হারুনুর রশিদ, উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান, সিটি করপোরেশনের প্রধান প্রকৌশলী মোঃ রফিকুল ইসলাম মিঞাসহ গণ্যমান্য বিভাগীয় কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে স্মার্ট বাংলাদেশ নিয়ে বিভিন্ন বিভাগের প্রস্তুতির অগ্রগতি নিয়ে আলোচনা হয়। সভায় সিদ্ধান্ত হয়, প্রতিটি দপ্তরকে নিজ নিজ দপ্তরের সকল কাজকর্ম দ্রুত সময়ের মধ্যে অনলাইন করতে হবে। সমাজসেবা, কৃষি, স্থানীয় সরকার, ভূমি ব্যবস্থাপনা, সিটি করপোরেশন, মহিলা ও শিশু, স্বাস্থ্য, পরিবেশ ইত্যাদি বিভাগ থেকে জনগণ যাতে স্মার্টলি সকল সেবা পেতে পারেন তার উপযুক্ত অনলাইন ব্যবস্থা করতে হবে। পরবর্তী সভায় স্মার্ট বাংলাদেশ নিয়ে নিজ নিজ দপ্তরের প্রস্তাবনা নিয়ে আসার অনুরোধ করেন কমিশনার। সভায় ওয়েব পোর্টাল হালনাগাদ করার অনুরোধ করা হয়।

সভায় ময়মনসিংহ শহরের ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিশেষত রাস্তার পাশের ফাঁকা জায়গা দ্রুত সংস্কার/ মেরামতের ব্যবস্থা নেওয়ার নির্দেশ প্রদান করা হয়। কিছুদিনের মধ্যেই সম্ভুগঞ্জ ব্রিজের ব্যবস্থাপনা উন্নয়নের জন্য পদক্ষেপ নেওয়ার জন্য জেলা প্রশাসককে নির্দেশ প্রদান করা হয়। চলমান রাস্তার ঠিকাদারদের রাস্তার যানবাহনের স্বাভাবিক চলাচল নিশ্চিত করার অনুরোধ করা হয়। দালান নির্মানের সময় যাতে রাস্তায় মালামাল রেখে রাস্তাকে সংকোচিত করে যানজট তৈরি করা না হয় সেদিকে মনিটর করার জন্য সিটি করপোরেশনকে অনুরোধ করা হয়।

সভায় জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ময়মনসিংহ পিআইডি'র উদ্যোগে বঙ্গাবন্ধুর ময়মনসিংহ বিভাগে সফরের ওপর তৎকালের নিউজ ও ছবি সম্বলিত আলোকচিত্র প্রদর্শনীর উচ্ছ্বসিত প্রকাশ করেন বিভাগীয় কমিশনার।

সভায় সড়ক বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ শওকত আলী জানান মুক্তাগাছা থেকে জিরোপয়েন্ট ও জিরো পয়েন্ট থেকে পাটগুদাম পর্যন্ত রাস্তা চওড়া করার কাজ চলমান রয়েছে। তিনি জানান, কেওয়াটখালি ব্রিজ সেপ্টেম্বরে এবং রহমতপুর ব্রিজ অক্টোবরে কাজ শুরু হবে। তৃতীয় ব্রিজের সাইট দ্রুতই নির্ধারণ করা হবে।

সভায় ময়মনসিংহ পল্লীবিদ্যুৎ সমিতি-১ এর জেনারেল ম্যানেজার মো: আক্তার হোসেন জানান, ৪৫০ মেগাওয়াট চাহিদার প্রেক্ষিতে প্রায় ৩০% লোডশেডিং হয়। এইচএসসি পরীক্ষা চলমান থাকায় গ্রামের বিদ্যুৎ প্রাপ্তি নিশ্চিত করতে সভায় অনুরোধ করা হয়।

সভায় স্বাস্থ্য প্রকৌশল বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ ইসহাক মিয়া জানান, এ বিভাগে ১১১টি কমিউনিটি ক্লিনিক নির্মাণের কাজ চলমান রয়েছে। ১৯৯৯-২০০০ সালের দিকে নির্মিত ক্লিনিক গুলো পর্যায়ক্রমে পুনর্নির্মাণ করা হচ্ছে বলে জানান হয়।

কার্ডধারী ব্যক্তিদের খাদ্য সহায়তা প্রদান নিয়ে আলোচনাকালে জানান হয় কিছু কিছু কার্ডধারী চাল বিক্রি করে দিচ্ছে। এ বিষয়ে কারণ খুঁজে বের করা এবং সতর্ক থাকার জন্য জেলা প্রশাসক ও খাদ্য বিভাগকে সতর্ক থাকার অনুরোধ করা

হয়। চলতি মাসে অধিক চাল পাওয়ায় চাল বিক্রি করার আশংকা রয়েছে। এতে অবৈধ মওজুদ হতে পারে। এ বিষয়ে সচেতনতা ও মাইকিং করার অনুরোধ করা হয়।

কৃষি বিভাগের অতিরিক্ত পরিচালক সুশান্ত কুমার প্রামাণিক জানান, চলতি মৌসুমে ৬ লাখ ৪ হাজার হেক্টর জমিতে আমন চাষের লক্ষ মাত্রা রয়েছে। ইতোমধ্যে ৫ লাখ ২০ হাজার হেক্টর জমিতে আমন রোপা সম্পন্ন হয়েছে, অবশিষ্ট রোপণ দ্রুতই সম্পন্ন হবে বলে জানান হয়। সভায় আরও জানান হয় বিভাগের ৫ হাজার হেক্টর পতিত জমি চাষের আওতায় আনা হয়েছে। পতিত জমিতে পুষ্টি বাগান করার উদ্যোগ নেওয়া হয়েছে। পরিচালক জানান, সমভূমি এলাকায় ৫০% এবং হাওর এলাকায় ৭০% ভর্তুকিতে কৃষির আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করা হচ্ছে। এ বছর ১ লক্ষ ১৩ হাজার একর জমিতে সরিষা চাষের লক্ষ মাত্রা নির্ধারণ করা হয়েছে। সারের পরিমিত ব্যবহার নিশ্চিত করার জন্য কমিশনার সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন।

সভায় প্রাণিসম্পদ বিভাগের পরিচালক ডা: মনোরঞ্জন ধর বলেন, আগামী মাসে একযোগে বিভাগের সকল গৃহপালিত পশুকে পিপিআর টিকা প্রদান করা হবে। সভায় মৎস্য বিভাগের উপপরিচালক বছরের একটা সময়ে মাছের ডিম ছাড়া এবং পোনা বৃদ্ধির জন্য হাওর এলাকায় অভয়াশ্রম ও নিষিদ্ধ করার আহ্বান জানান। এ বিষয়ে সমীক্ষা পরিচালনা করে সুনির্দিষ্ট সুপারিশ প্রদানের জন্য সভায় মৎস্য বিভাগকে অনুরোধ করা হয়।

জামালপুর জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণের প্রেক্ষিতে ব্রহ্মপুত্র নদীর শাখা নদীতে খাচা পদ্ধতিতে মাছ চাষের উদ্যোগ নেওয়ার নির্দেশনা প্রদান করেন।

মাদ্রাসায় শিক্ষা মন্ত্রণালয়ের নতুন কারিকুলাম সম্পূর্ণ চালু করার বিষয়ে জেলা প্রশাসন ও শিক্ষা বিভাগকে একযোগে কাজ করার নির্দেশনা প্রদান করা হয়। কেচমেন্ট এরিয়া হালনাগাদকরণ, শিক্ষার মান উন্নয়ন ও কিন্ডারগার্টেনে শিক্ষার্থী চলে যাওয়ার কারণ খুঁজে বের করতে প্রাথমিক শিক্ষা বিভাগকে অনুরোধ করা হয়।

পরিবেশ অধিদপ্তরের পরিচালক দিলরুবা আহমেদ বলেন, কিছু ক্লিনিকের মালিক পরিবেশ অদিদপ্তরের ছাড়পত্র ছাড়াই স্বাস্থ্য অদিদপ্তরের অনুমতি নিয়ে আসছে। এদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য বিভাগীয় সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সমাজ সেবা অধিদপ্তরের পরিচালক মোহাম্মদ গোলাম মোস্তফা বলেন, এ বিভাগে ১০ লাখ মানুষকে বিভিন্ন ধরনের ভাতা প্রদান করা হচ্ছে। কয়েদিদের আধুনিক ও সমসাময়িক বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য কমিশনার অনুরোধ করেন।

বিবাহ রেজিস্টেশন অনলাইনে করা যায় কিনা, খতিয়ে দেখতে ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক অনুরোধ করেন।

সিটি করপোরেশনের প্রধান প্রকৌশলী মোঃ রফিকুল ইসলাম মিঞা বলেন, সিটি করপোরেশনের ৩৩টি ওয়ার্ডে ৬১টি প্যাকেজে ৭০০ কোটি টাকার উপরে কাজ চলমান রয়েছে। ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভায় সিটি করপোরেশনকে অনুরোধ করা হয়।

সীমান্তে সকল অবৈধ করাতকল বন্ধে শীঘ্রই বন বিভাগ ও জেলা প্রশাসনকে উদ্যোগ নেওয়ার অনুরোধ করা হয় সভায়।

সভায় রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য্য অবহিত করেন যে, জুলাই মাসে ১১১৫টি মামলা গ্রহণ করা হয়েছে যা পূর্বের মাসের থেকে ১৭২টি বেশি। তিনি বলেন, ময়মনসিংহ বিভাগে ১৯টি হত্যাকান্ড ও ১৬২টি অপমৃত্যুর ঘটনা ঘটেছে জুলাই মাসে। অপমৃত্যুর মধ্যে ৬৮টি আত্মহত্যা, ৫৫টি পানিতে ডুবে মৃত্যু এবং ২৫টি বিদ্যুতায়িত হয়ে মৃত্যু। এ সময়ে ৫২টি ধর্ষনের ঘটনা ঘটে যার ৫০% ১৮ বছর বয়সের নিচে। তিনি বলেন, বাবা মাকে ভরণপোষণ না দেওয়ার ঘটনায় ৫০টি মামলা হয়েছে। উপর্যুক্ত সকল ঘটনাকেই তিনি এলার্মিং উল্লেখ করে সকলের সমবেত চেষ্টায় এসব ঘটনা বন্ধ করা সম্ভব বলে উল্লেখ করেন।

আগামী নির্বাচনকে সামনে রেখে বিভাগের সকল কর্মকর্তাকে সংযত আচরণ, সঠিক সময়ে সেবা প্রদান ও সকল শ্রেণিপেশার মানুষের সাথে সুসম্পর্ক গড়ে তুলতে কর্মকর্তাদের অনুরোধ করেন।

#

দেওয়ান/রিদওয়ান/মনির/সজিব/২০২৩/১৪.৩০ ঘণ্টা